

🗏 আত-তাগাবুন | At-Taghabun | ٱلتَّغَابُن

আয়াতঃ ৬৪ : ১৫

💵 আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তো কেবল পরীক্ষা বিশেষ। আর আল্লাহর নিকটই মহান প্রতিদান। — আল-বায়ান

তোমাদের ধন-সম্পদ আর সন্তানাদি পরীক্ষা ('র বস্তু) মাত্র (যারা এ দু'টিকে সঠিকভাবে ব্যবহার ক'রে আল্লাহর পথে অটল থাকবে তারা কৃতকার্য হবে, আর যারা এ দু'টিকে আল্লাহর চেয়ে অধিক ভালবাসবে তারা ব্যর্থ হয়ে যাবে)। আর আল্লাহ এমন যাঁর কাছে আছে মহা পুরস্কার। — তাইসিকল

তোমাদের সম্পদ ও সন্তান সন্ততি তোমাদের জন্য পরীক্ষা। আল্লাহরই নিকট রয়েছে মহা পুরস্কার। — মুজিবুর রহমান

Your wealth and your children are but a trial, and Allah has with Him a great reward. — Sahih International

১৫. তোমাদের সম্পদ ও সন্তান-সন্ততি তো পরীক্ষা বিশেষ; আর আল্লাহ, তাঁরই কাছে রয়েছে মহাপুরস্কার।

তাফসীরে জাকারিয়া

- (১৫) তোমাদের সম্পদ ও সন্তান-সন্ততি তো তোমাদের জন্য পরীক্ষা স্বরূপ।[1] আর আল্লাহরই নিকট রয়েছে মহা পুরস্কার।[2]
 - [1] যারা তোমাদেরকে হারাম উপার্জন করতে প্ররোচিত করে এবং আল্লাহর অধিকার আদায় করতে বাধা দেয়। আর এই পরীক্ষায় তোমরা তখনই সফল হতে পারবে, যখন আল্লাহর অবাধ্যাচরণে তাদের আনুগত্য করবে না। অর্থাৎ, মাল-ধন ও সন্তান-সন্ততি আল্লাহর নিয়ামতও বটে এবং তা মানুষের পরীক্ষার মাধ্যমও বটে। আল্লাহ দেখতে চান যে, তাঁর অনুগত কে এবং অবাধ্য কে?
 - [2] অর্থাৎ, সেই ব্যক্তির জন্য, যে মাল-ধন ও সন্তান-সন্ততির ভালবাসার মোকাবেলায় আল্লাহর আনুগত্যকে প্রাধান্য দেয় এবং তাঁর অবাধ্যাচরণ থেকে বিরত থাকে।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5214

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন